

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৫৬

১২/ শিশুদের দুগ্ধপান (১ الرضاع)

পরিচ্ছেদঃ স্বামী থাকা অবস্থায় যদি কোন ক্রীতদাসী আযাদ হয়।

باب مَا جَاءَ فِي الْمَرْأَةِ تُعْتَقُ وَلَهَا زَوْجٌ

আরবী

حَدَّتَنَا هَنَّادٌ، حَدَّتَنَا أَبُو مُعَاوِيَةً، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الأَسْوَدِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ زَوْجُ بَرِيرَةَ حُرَّا فَخَيَّرَهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ. هَكَذَا رَوَى هِشَامٌ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ زَوْجُ بَرِيرَةَ عَبْدًا. وَرَوَى عِكْرِمَةُ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ رَأَيْتُ زَوْجَ بَرِيرَةَ وَكَانَ عَبْدًا يُقَالُ لَهُ مُغِيثٌ. وَهَكَذَا رُويِ عَنِ ابْنِ عُمَرَ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَقَالُوا إِذَا لَهُ مُغِيثٌ . وَهُكَذَا رُويِ عَنِ ابْنِ عُمَرَ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَقَالُوا إِذَا كَانَتِ الأَمَةُ تَحْتَ الْحُرِّ فَأَعْتِقَتْ فَكَا خِيَارَ لَهَا وَإِنَّمَا يَكُونُ لَهَا الْخِيَارُ إِذَا أُعْتِقَتْ وَكَانَتْ كَانَتِ الأَمْةُ تَحْتَ الْحُرِّ فَأَعْتِقَتْ فَلَا خِيَارَ لَهَا وَإِنَّمَا يَكُونُ لَهَا الْخِيَارُ إِذَا أُعْتِقَتْ وَكَانَتُ لَكُونَ لَهَا الْحَيِينَ وَمُونُ الشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَرَوَى الأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الْأَسْوَدِ عَنْ عَائِشَةَ فِي الْأَسْوُدِ عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ زَوْجُ بَرِيرَةَ حُرًّا فَخَيَّرُهَا رَسُولُ اللَّهُ صِلَى الله عليه وسلم . وَرَوَى أَبُو عَوَانَةَ هَذَا الْحَدِيثَ عَنِ الأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنِ الأَسْوَدِ عَنْ عَائِشَةَ فِي الْعَلَمِ مِنَ عَوْدَ الْمُودِ عَنْ عَائِشَةَ فِي التَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَأَهْلِ الْكُوفَةِ .

বাংলা

১১৫৬. হান্নাদ (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, বারীরার স্বামী ছিল স্বাধীন পুরুষ। অনন্তর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইখতিয়ার দিয়েছিলেন। - ইবনু মাজাহ ২০৭৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৫৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। হিশাম -তার পিতা-আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে বর্ণিত, তিনি বলেন, বারীরার স্বামী দাস ছিলেন। ইকরিমা (রহঃ) ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বারীরার স্বামীকে দেখেছি। তিনি ছিলেন দাস। তাঁকে ডাকা



হতো মুগীছ বলে। ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকেও অনুরূপ বর্ণিত আছে। কোন কোন আলিমের এতদনুসারে আমল রয়েছে। তাঁরা বলেন, স্বাধীন পুরুষের অধীনস্থ কোন দাসীকে যদি আযাদ করে দেওয়া হয় তবে তার ইখতিয়ার থাকবে না। তার স্বাধীন হওয়ার সময় যদি স্বামী দাস হয় তবে তার ইখতিয়ার হবে। এ হলো ইমাম শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

একাধিক রাবী আ'মাশ- ইবরাহীম-আসওয়াদ-আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে বর্ণনা করেন যে, আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেছেন, বারীরার স্বামী ছিল আযাদ। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ইখতিয়ার দিয়েছিলেন। আবূ আওয়ানা (রহঃ) এই বারীরা সংক্রান্ত হাদীসটিকে আ'মাশ- ইবরাহীম-আসওয়াদ-আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে বর্ণনা করেছেন, এতে আছে আসওয়াদ বলেন, বারীরার স্বামী ছিল আযাদ। কতক তাবীঈ ও পরবর্তী যুগের আলিম এই হাদীসটির মর্মানুসারে আমল করেছেন। এ হলো ইমাম সুফইয়ান ছাওরী ও কৃফাবাসী আলিমগণের অভিমত।

English

Aishah narrated:

"Barfah's husband was a free man, so the Messenger of Allah let her choose."

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন